

সিরাজ সিকদার রচনা

গুরুতর নিরাপত্তার সাথে যুক্ত হবার আবেদনপত্র



সিরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টি কর্তৃক রচনা ও প্রকাশ সম্ভবতঃ ১৯৭২

কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা পথ
(www.sarbaharapath.com) এর অনলাইন প্রকাশনা ১১ আগস্ট ২০১৪

পৃষ্ঠা ২

পরিচালক,

.....

পূর্ববাংলার সর্বহারা পার্টি,

আমি পার্টির নিম্নোক্ত সিদ্ধান্ত মেনে চলার ভিত্তিতে স্বেচ্ছায় পার্টির গুরুতর নিরাপত্তার সাথে জড়িত হচ্ছি।

১। গুরুতর নিরাপত্তার সাথে জড়িতদের সুবিধাবাদী ও দলত্যাগী হওয়ার পরিপ্রেক্ষিতে পার্টির নীতি:

—শেষ পর্যন্ত বুঝানো এবং বিভিন্ন কৌশল অবলম্বন করা যাতে সে সুবিধাবাদী না হয়।

—এ সময়ের মাঝে নিরাপত্তা বিঘ্ন হওয়া রোধ করার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া।

—এ ধরনের সম্ভাবনা রয়েছে এরূপদের গুরুতর নিরাপত্তার সাথে যুক্ত না করা বা তাদের নিজেদেরও যুক্ত না হওয়া।

—সমস্ত পদক্ষেপ গ্রহণ করার পরও গুরুতর নিরাপত্তার সমস্যা হলে শত্রু এলাকায় চরম শাস্তি এবং মুক্ত এলাকায় আটক রাখা।

২। নিজে পার্টির অগোচরে পলায়ন, দলত্যাগ করবনা; অন্যকে পলায়ন, দলত্যাগ বা সুবিধাবাদী হতে প্ররোচিত, সহায়তা করবনা। নিজে আত্মহত্যার পদক্ষেপ নেবনা বা অন্যকে প্ররোচিত করবনা।

৩। গোপনীয়তা ও নিরাপত্তা দলিল মেনে চলব।

৪। তিনটি বৃহৎ শৃংখলা ও মনোযোগ দেবার আটটি ধারা এবং সংগঠনের অন্যান্য শৃংখলা মেনে চলব।

৫। বিভিন্ন অপরাধ সংক্রান্ত পার্টির ধারা মেনে চলব।

৬। আত্মীয়-স্বজন সংক্রান্ত ধারা মেনে চলব।

৭। যৌন বা অন্য কোন প্রকার ব্রহ্মতার সাথে যুক্ত হবনা বা অন্যকে প্ররোচিত করবনা।

৮। শত্রুর চরম অত্যাচার, নির্যাতন বা প্রলোভনের মুখে পার্টি, স্তর ও কমরেডদের গোপনীয়তা ও নিরাপত্তা বিঘ্ন করবনা; শত্রুর নিকট আত্মসমর্পণ করবনা। এ ধরনের কাজ করলে অপরাধ অনুযায়ী চরম শাস্তিসহ বিভিন্ন শাস্তি গ্রহণ করব।

৯। কোন প্রকার মানসিক অসুস্থতা নেই (অতীতেও হয়নি), গুরুতর রূপে অসুস্থ নই এবং দীর্ঘস্থায়ী জটিল রোগ নেই।

১০। নিকটতম আত্মীয়দের ঠিকানা এবং তাদের মনোভাব, আইনসঙ্গত ব্যবস্থা গ্রহণ করতে সহায়তা করতে পারে এরূপ এক বা একাধিক ঠিকানা।

১১। কোন এলাকায় কতদূর প্রকাশিত।

১২। সুপারিশকারীর স্বাক্ষর/সাংগঠনিক পরিচয়/মন্তব্য।

১৩। অনুসন্ধানকারীর স্বাক্ষর/পরিচয়/মন্তব্য।

১৪। মানোন্নয়নকারীর স্বাক্ষর/পরিচয়/মন্তব্য।

১৫। কি কি আবেদনপত্র পূরণ করেছে।

.....

স্বাক্ষর.....

তাং.....■